

পুজোর আগেই সাফারি পার্কে সিংহদর্শন

শিলিগুড়ি, ২২ এপ্রিল : শীঘ্রই শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে আসছে সিংহ ও জিরাফ। সবকিছু ঠিকঠাক থাকলে পুজোর আগেই সাফারি পার্কে সিংহের দর্শন পাওয়া যেতে পারে। সাফারি পার্কের অন্দরে তৎপরতা দেখে অন্তত এমনটাই অনুমান করা যাচ্ছে। এমাসের শেষে কিংবা আগামী মাসের শুরুতে সাফারি পার্কের পরিকাঠামো পরিদর্শনে আসতে পারে কেন্দ্রের বিশেষ দল। তাই গত তিনদিন ধরেই সাফারি পার্কের ভিতরে দফায় দফায় বৈঠক চলছে। কোন এনক্লোজারে কতটা জায়গা প্রয়োজন, কত কর্মী প্রয়োজন, কী কী করতে হবে সেই সমস্ত বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে সূত্রের খবর। সাফারি পার্কের ডিরেক্টর কমল সরকার বলেন, 'আমাদের প্রস্তুতি চলছে। ল্যান্ড আইডেন্টিফিকেশন করা হচ্ছে। শীঘ্রই সিংহ আসবে।'

শিলিগুড়ির বেঙ্গল সাফারি পার্কে রয়্যাল বেঙ্গল টাইগার, হিমালয়ান ব্ল্যাক বিয়ারের পর এবার সিংহ, জিরাফ, জেব্রা আনার পরিকল্পনা নিয়েছে রাজ্য বন দপ্তর। সেইমতো ওয়েস্টবেঙ্গল জু অথরিটির পক্ষ থেকে সেন্ট্রাল জু অথরিটির কাছে অনুমতি চেয়ে চিঠি দেওয়া হয়েছে। কেন সিংহ, জেব্রা, জিরাফ আনার অনুমতি দেওয়া হবে তার কারণ হিসেবে বর্তমানে সাফারি পার্কে রয়্যাল বেঙ্গল টাইগারের সফল প্রজনন, ভালুকের প্রজনন সহ একাধিক বিষয় তুলে ধরা হয়েছে। পাশাপাশি মরণাপন্ন বিদেশি প্রাণী ক্যাডাঙ্ককে সুস্থ করে তুলে সাফারির জন্য ছাড়ার বিষয়টিও তুলে ধরা হয়েছে। সেন্ট্রাল জু অথরিটির দিক থেকে প্রাথমিকভাবে সবুজ সংকেত মিলেছে। তাই পার্কে ল্যান্ড আইডেন্টিফিকেশনের কাজ শুরু হয়ে গিয়েছে। কতটা জায়গা সিংহের জন্য প্রয়োজন, কতটা প্রয়োজন জিরাফ বা জেব্রার জন্য সেইসমস্ত বিষয় নিয়ে চর্চাও শুরু হয়ে গিয়েছে। সব ঠিক থাকলে পুজোর আগেই শিলিগুড়ির সাফারি পার্কে সিংহ চলে আসতে পারে বলে সাফারি পার্ক সূত্রে জানা গিয়েছে। তারই তোড়জোড় শুরু হয়েছে পার্কে। ল্যান্ড আইডেন্টিফিকেশন হলেই ফেন্ডিং দেওয়ার কাজ শুরু হবে। এরপর শেলটার তৈরি করা হবে বলে সাফারি পার্কের কর্তারা জানিয়েছেন।

এরপর চোঁচোর পাতায়